

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৫৩০

আগরতলা, ১০ মার্চ, ২০১৯

পালস পোলিও কর্মসূচি অনুষ্ঠিত

সমগ্র রাজ্যে আজ ০ থেকে ৫ বছরের শিশুদের পালস পোলিও'র ডোজ খাওয়ানো হয়েছে। রাজ্য ও পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক মূল অনুষ্ঠানটি হয়েছে বনকুমারীস্থিত সমর স্মৃতি মিলনায়তনে। সকালে প্রদীপ জ্বালিয়ে অনুষ্ঠানের সূচনা করেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের প্রধান সচিব সমরজিৎ ভৌমিক। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন জাতীয় গ্রামীণ স্বাস্থ্য মিশনের ত্রিপুরা শাখার মিশন ডিরেক্টর ডাঃ শৈলেশ কুমার যাদব, ফ্যামিলি ওয়েলফেয়ার সোসাইটির ডিরেক্টর ডাঃ সুজিত কুমার চাকমা প্রমুখ। বক্তব্য রাখতে গিয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের প্রধান সচিব সমরজিৎ ভৌমিক এই কর্মসূচি সফল করার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। এন আর এইচ এম ত্রিপুরার মিশন ডিরেক্টর ডাঃ শৈলেশ কুমার যাদব বলেন, এবছর সমগ্র রাজ্যে পালস পোলিও'র ডোজ খাওয়ানোর জন্য ৩৮৪৩টি বুথ খোলা হয়েছে। রাজ্যের মোট ৩ লক্ষ ৮৩ হাজার ৪৭৯ জন শিশুকে এই কর্মসূচির আওতায় আনার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। যেসব শিশু আজ কোনও কারণবশতঃ পোলিও ড্রপ খেতে পারেনি তাদের ১১ ও ১২ মার্চ বাড়ি বাড়ি গিয়ে ড্রপ খাওয়ানো হবে। আজকের এই অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন পশ্চিম ত্রিপুরা জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ মৌসুমি সরকার।

\*\*\*\*\*